

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৭১

৮/ সাওম (রোজা) (্রাজা) (১ইটা নাড্রান্ত এটা নাড্রান্ত প্র

পরিচ্ছেদঃ আয়্যামে তাশরীক এ সিয়াম পালন হারাম।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الصَّوْمِ فِي أَيَّامِ التَّشْرِيقِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ مُوسَى بْنِ عُلَىّ، عَنْ أَبِيهِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "يَوْمُ عَرَفَةً وَيَوْمُ النَّحْرِ وَأَيَّامُ التَّشْرِيقِ عِيدُنَا أَهْلَ الْإِسْلاَمِ وَهِيَ أَيَّامُ أَكْلِ وَشُرْبِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيّ وَسَعْدٍ وَأَبِي هُرَيْرَةَ وَجَابِرِ الْإِسْلاَمِ وَهِيَ أَيَّامُ أَكْلِ وَشُرْبِ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيّ وَسَعْدٍ وَأَبِي هُرَيْرَةَ وَجَابِرٍ وَنَبَيْشَةَ وَبِشْرِ بْنِ سُحَيْمٍ وَعَبْدِ اللَّهِ بْنِ حَدْرَافَةً وَأَنسٍ وَحَمْزَةً بْنِ عَمْرٍ و الْأَسْلَمِيّ وَكَعْبِ بْنِ مَالِكِ وَعَائِشَةَ وَعَمْرِو بْنِ الْعَاصِ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و . قَالَ أَبُو عِيسَى وَحَديثُ عُقْبَة بْنِ عَمْرٍ عَمْرٍ و أَلْ الْعِلْمِ يَكْرُهُونَ الصِيّامَ أَيَّامَ بْنِ عَامِرٍ حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ يَكُرُهُونَ الصِيّامَ أَيَّامَ النَّسْرِيقِ إِلاَّ أَنَ قَوْمًا مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ رَخَّصِوُا لِللْمُتَمَتِّعِ إِذَا لَمْ يَجِدْ هَدْيًا وَلَمْ يَصِمُ فِي الْعَشْرِ أَنْ يَصُومَ أَيًّامَ الْعِلْمِ وَيُلْهِمْ رَخَّصِولًا بُنُ اللهُ عَلِي وَلَا لَمْ يَجِدْ هَدْيًا وَلَمْ يَصِمُ فِي الْعَشْرِ أَنْ يَصُومَ أَيًّامَ التَّشْرِيقِ . وَبِهِ يَقُولُ مَالِكُ بُنُ أَنَسٍ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . قَالَ أَبُو عِيسَى وَأَهْلُ الْعِرَاقِ يَقُولُونَ مُوسَى بْنُ عَلَيْ الْ يَعْرَاقِ يَقُولُونَ مُوسَى بْنُ عَلَيْ لَا أَجْعَلُ أَحِدًا فِي حِلِّ صَغَيْرُ اسْمَ أَبِي يَقُولُ سَمَعْتُ مُن سَعْدٍ يَقُولُ هَالَ مُوسَى بْنُ عَلِي لاَ أَجْعَلُ أَحَدًا فِي حِلٍّ صَغَوْرُ اسْمَ أَبِي .

বাংলা

৭৭১. হান্নাদ (রহঃ) উকবা ইবনু আমির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আরাফার দিন, কুরবানীর দিন এবং আয়্যামা তাশরীক হলো আমরা মুসলিম জনগণের ঈদের দিন। এ দিনগুলো হলো পানাহারের দিন। - সহিহ আবু দাউদ ২০৯০, ইরওয়া ৪/১৩০, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৭৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, সা'দ, আবূ হুরায়রা, জাবির, নুবায়শা বিশর ইবনু সুহায়ম, আবদুল্লাহ ইবনু হুযায়ফা, আনাস, হামযা ইবনু আমর আল-আসলামী, কাব ইবনু মালিক, আয়িশা, আমর ইবনু আস ও আবদুল্লাহ ইবনু আমর (রাঃ)



থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, উকবা ইবনু আমির (রাঃ) বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। আলিমগণ এতদনুসারে আমল করেছেন। তারা আয়্যামে তাশরীকের সিয়াম হারাম বলে মনে করেন। কিন্তু সাহাবী ও অন্যান্য আলিমগণের তামাত্তু হজ্জ পালনকারীর জন্য এই দিনগুলোর সিয়াম পালনের অবকাশ দিয়েছেন। শর্ত হয় যদি সে হাদী না পায় এবং প্রথম দশ দিনের মধ্যে সে যদি সাওম পালন করতে না পেরে থাকে তবে তাদের মতে সে আয়্যামে তাশরীকে ঐ সাওম পালন করতে পারবে। ইমাম মালিক ইবনু আনাস, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এই মত ব্যক্ত করেছেন। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, ইরাকবাসী মুহাদ্দীছগণ বলেন, মূসা ইবনু আলী ইবনু রাবাহ। মিসরবাসীগণ বলেন, মূসা ইবনু আলী এবং আবৃ ঈসা (রহঃ) আরও বলেন, আমি কুতায়বাকে বলতে শুনেছি তিনি বলতে শুনেছেন যে, মূসা ইবনু আলী বলেছেন, আমার পিতার নাম তাসগীর রূপে উচ্চারণ কারো হালাল মনে করি না।

English

Ugbah bin Amir narrated that:

The Messenger of Allah said: "The Day of Arafah, the Day of Nahr, and the Days of Tashriq are Eid for us. The people of Islam, and they are days of eating and drinking,"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন